গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ডিই-২ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.erd.gov.bd

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.০০০.২২৫.৩২.০০০১.২৬.১৩৭

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: Colombo Plan Staff College (CPSC), ফিলিপাইন-এ 'Faculty Specialist' পদে নিয়োগ বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের লক্ষ্যে ওয়েবসাইটে প্রকাশকরণ।

সূত্র: Colombo Plan Staff College (CPSC)-এর পত্র নং: SC2026/568/ODG-HR; তারিখ: ১৯ অক্টোবর ২০২৬।

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা (TVET) ব্যবস্থার মানোন্নয়নে নিয়োজিত আন্তর্জাতিক সংস্থা 'কলম্বো প্ল্যান স্টাফ কলেজ (CPSC)', ফিলিপাইন-এ **'Faculty Specialist'** এর ২টি শূন্য পদে (১টি বিদ্যমান ও ১টি সম্ভাব্য) আবেদনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উক্ত পদের নিয়োগ বিজ্ঞপ্তিটি বাংলাদেশে ব্যাপক প্রচারের লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত **'Faculty Specialist'** নিয়োগ প্রাথমিক ১ (এক) বছরের জন্য হবে, যা সন্তোষজনক কর্মমূল্যায়ন এবং উভয়ের সম্মতির ভিত্তিতে বার্ষিক ভিত্তিতে নবায়নযোগ্য হয়ে সর্বোচ্চ দুই বছর পর্যন্ত বর্ধিত হতে পারে মর্মে বিজ্ঞপ্তি-তে উল্লেখ রয়েছে।

০২। উল্লেখ্য, CPSC -এর সক্রিয় সদস্য দেশগুলো হলো: আফগানিস্তান, বাংলাদেশ, ভুটান, ফিজি, ভারত, মালয়েশিয়া, মালদ্বীপ, মঙ্গোলিয়া, মায়ানমার, নেপাল, পাকিস্তান, পাপুয়া নিউ গিনি, ফিলিপাইন, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা এবং থাইল্যান্ড। একই সদস্য দেশ থেকে এক সময়ে কেবল একজন **'Faculty Specialist'** নিয়োগের বিধান রয়েছে। বর্ণিত পদের বিপরীতে আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা, বেতন ও সুযোগ-সুবিধা, আবেদন প্রক্রিয়াসহ বিস্তারিত তথ্য সম্বলিত 'টার্মস অ্যান্ড কন্ডিশনস' সম্পর্কে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে। এখানে উল্লেখ্য যে, আবেদনপত্র প্রাপ্তির শেষ তারিখ: **৩১ ডিসেম্বর, ২০২৬।**

০৩। এমতাবস্থায়, উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর আওতায় সকল দপ্তর/সংস্থা, বিশ্ববিদ্যালয়, পলিটেকনিক ইনস্টিটিউট, প্রকৌশল কলেজ ও সংশ্লিষ্ট শিক্ষক/কর্মকর্তাদের অবগতির জন্য মন্ত্রণালয়/বিভাগের **নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। Bangladesh - SC2026_568_ODG-HR - Request for Information Dissemination of Faculty Specialist Vacancy in CPSC and_or Nomination of Qualified Candidates (1).pdf,

২। HRM Form A04 (2018) - Application Form for Specialists.doc ,

০২-১১-২০২৬
মোঃ সাখাওয়াত হোসেন
উপসচিব
ফোন : ৯১৮০৯৯৯
ইমেইল : de2@erd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

৩। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.০০০.২২৫.৩২.০০০১.২৬.১৩৭/১ (১)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

০২-১১-২০২৬
মোঃ সাখাওয়াত হোসেন
উপসচিব